**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশা মুক্ত করার কাজে সফলতা আসছে |**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০১৪ সাল থেকে বিভিন্ন খেলাধুলায় ভারতের দক্ষতা ধারাবাহিকভাবে উন্নত হচ্ছে।**

**(৩) সিপাহীজলা জেলায় গত ১ সপ্তাহে প্রায় ২৫৭ কোটি টাকার গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে।**

**(৪) অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা জয়লাভ করেছে।**

*****************************************************

**CM at Mandwi:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশামুক্ত হিসেবে গড়ে তুলতে পুলিশের সঙ্গে বিভিন্ন সংস্থাও কাজ করছে। এই কাজের সফলতাও আসছে। আজ মান্দাইয়ের বিজেপির এক সমাবেশে মুখ্যমন্ত্রী বলেন, উপজাতিদের উন্নয়নের জন্য বাজেটের বাইরেও টাকা বরাদ্দ করা হচ্ছে। সমাবেশে উপস্থিত ছিলেন উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, বিজেপি'র রাজ্য সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য প্রমুখ।

**************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ২০৩৬ সালের অলিম্পিক আয়োজনের জন্য দৃঢ়ভাবে উদ্যোগ নিয়েছে৷ আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বারাণসীতে ৭২তম জাতীয় ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন করে তিনি একথা বলেন| প্রধানমন্ত্রী বলেন, ২০১৪ সাল থেকে বিভিন্ন খেলাধুলায় ভারতের দক্ষতা ধারাবাহিকভাবে উন্নত হয়েছে।

######## Byte PM ########

তিনি বলেন, তাঁর সরকার জাতীয় ক্রীড়া শাসন আইন এবং খেলো ভারত নীতি ২০২৫-এর মতো ক্রীড়াক্ষেত্রে অনেক পরিবর্তন ও সংস্কার এনেছে। আজ থেকে ১১ জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত ৮ দিনের এই টুর্নামেন্টে ভারতজুড়ে অংশগ্রহণ করছেন, যেখানে বিভিন্ন রাজ্য এবং প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী ৫৮টি দলের ১,000 জনেরও বেশি খেলোয়াড় অংশ নিচ্ছে|

***************************

**Package Story:**

এমজিএনআরইজিএ-তে বড় ধরনের সংস্কার এনে কেন্দ্রীয় সরকারের নতুন উদ্যোগ ভিবি–জি রাম জি বা বিকশিত ভারত–জি রাম জি আইন ২০২৫। যে আইন গ্রামীণ ভারতের উন্নয়নে নতুন দিশা দেখাতে চলেছে।এই নিয়ে একটি প্রতিবেদন……

######### V/O ########

***************************

**Shivraj Shing Chouhan:**

গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বলেছেন, মনরেগা দুর্নীতির সমার্থক হয়ে উঠেছিল, যেখানে শ্রমিকদের প্রায়শই বসিয়ে রাখা হত এবং নিয়মিতভাবে

শোষণ করা হত। নতুনদিল্লিতে এক সংবাদিক সম্মেলনে শ্রী চৌহান কংগ্রেসকে নতুন গৃহিত ‘‘বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার এবং আজীবিকা মিশন – গ্রামীণ” (জি-রাম-জি) আইন সম্পর্কে জনগণকে বিভ্রান্ত করার অভিযোগ করেন।

শ্রী চৌহান বলেন, বিশাল বাজেট থাকা সত্ত্বেও, MGNREGA গ্রামগুলির স্থায়ী সম্পদ তৈরি বা দীর্ঘমেয়াদী উন্নয়নে কোনও ভূমিকা পালন করেনি। পূর্ববর্তী আইনের ত্রুটিগুলি তুলে ধরে মন্ত্রী বলেন বিকশিত ভারত জি- রাম-জি শ্রমিকদের স্বার্থ রক্ষা করবে।তিনি বলেন, বর্ধিত বেতন এবং বেকারত্ব মজুরি, বিলম্বিত বেতনের সুদ এবং পূর্ববর্তী ১00 দিনের থেকে বাড়িয়ে ১২৫ দিনের কর্মসংস্থান গ্যারান্টি রয়েছে|

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**SP, Sepahjijala:**

নেশামুক্ত ত্রিপুরা গড়ার অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলায় অব্যাহত রয়েছে অবৈধ গাঁজা বাগান ধ্বংস অভিযান। সিপাহীজলা জেলার পুলিশ সুপার বিজয় দেববর্মা জানিয়েছেন গত ১ সপ্তাহে সিপাহীজলা জেলায় প্রায় ৩৪ লক্ষ ৩৩ হাজার ২৪ টি গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে। যার আনুমানিক বাজার মূল্য প্রায় ২৫৭ কোটি টাকা। তিনি জানান আজও প্রায় ২ লক্ষ গাঁজা গাছ কাটা হয়েছে ।

***************************

## ↵Reasons the World Looked Up to PM Modi in 2025:

২০২৫ সাল বিশ্ব রাজনীতিতে নেহাৎই একটি বছর ছিল না। বিশ্ব মঞ্চে ভারতের উত্থানের একটি যুগান্তকারী অধ্যায়। অর্থনৈতিক অনিশ্চয়তা, ভূ-রাজনৈতিক অস্থিরতা এবং ক্ষমতার পরিবর্তনশীল সমীকরণের মাঝে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আন্তর্জাতিক বিষয়ে এক কেন্দ্রীয়, স্থিতিশীলতার প্রতীক হিসেবে আবির্ভূত হন। দেশে সিদ্ধান্তমূলক অর্থনৈতিক নেতৃত্ব থেকে বিদেশে আত্মবিশ্বাসী কূটনীতি প্রতি ক্ষেত্রে নিজের দক্ষতায় তিনি ধারাবাহিক বিশ্ব মনোযোগ এবং সমীহ আদায় করেছেন। একটি প্রতিবেদন ।

#########V/O##########

***************************

## Bikash Debbarma Ration Card:

তেলিয়ামুড়ার বাইশঘরিয়া আজ ন্যায্য মূল্যোর দোকানে ভোক্তাদের হাতে ডিজিটাল রেশন কার্ড তুলে দিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, আধুনিক প্রযুক্তি নির্ভর ব্যবস্থার মাধ্যমে রেশন বণ্টন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, সহজ ও হয়রানিমুক্ত করার লক্ষ্যেই এই উদ্যোগ গ্রহন করেছে খাদ্য

দপ্তর। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দিনে মহকুমার অন্যান্য এলাকাতেও ধাপে ধাপে ডিজিটাল রেশন কার্ড ব্যবস্থা কার্যকর করা হবে।

***************************

**CM Smaran Sabha:**

আগরতলা নজরুল কলাক্ষেত্রে আজ প্রদেশ বিজেপির উদ্যোগে প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন-এর শ্রদ্ধাঞ্জলি ও স্মৃতিচারণ সভা অনুষ্ঠিত হয়। প্রয়াত অধ্যক্ষর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। মুখ্যমন্ত্রী প্রয়াতের জীবনের নানা দিক তুলে ধরে রাজ্য রাজনীতি এবং দল ও সরকারের প্রতি তাঁর অবদানের কথা স্মরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় সহ অন্যান্যরা।

***************************

**All Tripura Blind committee:**

লুইস ব্রেইলের ২১৮ তম জন্মজয়ন্তী উপলক্ষে অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর উদ্বোধন করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান তথা উচ্চ আদালতের অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ। অনুষ্ঠানে চলতি শিক্ষাবর্ষে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে যে সকল দৃষ্টিহীন শিক্ষার্থী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সাফল্য অর্জন করেছেন তাদের সম্বর্ধনা জানানো হয় এবং দৃষ্টিহীনদের মধ্যে চলন সামগ্রী প্রদান করা হয়।

এদিকে, আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে দ্বিতীয় উত্তর পূর্বাঞ্চলীয় প্যারা অলিম্পিক গেইমস ২০২৫ এ পদক জয়ী

খেলোয়ারদের বিশেষ সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ।

***************************

**Seminar:**

"এস সি, এস টি সংরক্ষণ বর্তমান প্রেক্ষাপট চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ" - শীর্ষক এক সেমিনার আজ মুক্তধারা অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়| ত্রিপুরা ট্রাইবেল অফিসার্স ওয়েলফেয়ার ফোরাম, অল ত্রিপুরা এস. সি. অফিসার্স ওয়েলফেয়ার সোসাইটি ও তিপ্রা ইঞ্জিনিয়ার্স সোসাইটি, এর যৌথ উদ্যোগে আয়োজিত এই সেমিনারে উপস্থিত ছিলেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, আগরতলা পুর নিগমের কমিশনার ডি কে চাকমা, মৎস দপ্তরের অধিকর্তা বিশ্বজিৎ দাস সহ অন্যান্যরা। বক্তারা রাজ্যে সংরক্ষণ চালু হওয়ার পর তার বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন।

***************************

**Tripura Art Socaity:**

ত্রিপুরা আর্ট সোসাইটির উদ্যোগে এবং মোহনপুর পুর পরিষদের সহায়তায় আজ মোহনপুরে অঙ্কন প্রতিযোগিতায় কৃতিদের পুরস্কার ও স্কলারশিপ প্রদান এবং সংবর্ধনা জ্ঞাপন করা হয়| অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ।

***************************

**Video Claiming PM Modi:**

সরকার একটি ভিডিওকে মিথ্যা বলে উড়িয়ে দিয়েছে, যেখানে দাবি করা হয়েছে যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোনা, মোবাইল ফোন, দুই চাকার এবং চার চাকার গাড়ির মতো বিনামূল্যের উপহার ঘোষণা করেছেন। প্রেস ইনফরমেশন ব্যুরোর

ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে যে প্রধানমন্ত্রী এমন কোনও ঘোষণা করেননি। সরকার নাগরিকদের এই ধরনের ভুল তথ্য থেকে সতর্ক থাকার এবং বিশ্বাস করার আগে তথ্য যাচাই করার আহ্বান জানিয়েছে।

***************************

**Congress:**

প্রদেশ কংগ্রেস ভবনে আজ প্রাক্তন মুখ্যমন্ত্রী সুধীর রঞ্জন মজুমদারের মৃত্যুবার্ষিকী পালন করা হয়। প্রয়াতের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা| উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সহ সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ ও প্রবীর চক্রবর্তী সহ অন্যান্যরা।

***************************

**Weather:**

রাজ্য জুড়ে জাঁকিয়ে শীত পড়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা নেমে দাঁড়ায় ৮.৫ ডিগ্রি সেলসিয়াস। যা ছিল স্বাভাবিকের চাইতে ৩.১ ডিগ্রি সেলসিয়াস কম|দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২২ ডিগ্রি সেলসিয়াস| আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, চলতি শীত মরসুমে এখন পর্যন্ত আজই সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা গেছে। আকাশ কিছুটা পরিষ্কার হওয়ায় তাপমাত্রা কমছে বলে জানানো হয়েছে। আগামীকাল সকালের দিকে দিনের সর্বোচ্চ তাপমাত্রা কমে দাঁড়াতে পারে ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আগামীকাল পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা জেলা, গোমতী ও দক্ষিণ জেলার বেশ কিছু স্থানে ঘন কুয়াশা পড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে।

***************************

**Women Cricket:**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা জয়লাভ করেছে। গুয়াহাটিতে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ৯ উইকেটে নাগাল্যান্ডকে পরাজিত করে।

***************************

***************************